

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

সাভার, ঢাকা-১৩৪৩

প্রশাসন অধিশাখা

www.bpatc.gov.bd

বিজ্ঞপ্তি নং-০৫.০১.২৬৭২.০০০.১২৫.১১.০০১৬.২৬.১২৮৬

তারিখ: ৩০ আশ্বিন ১৪৩৩
১৫ অক্টোবর ২০২৬

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা-এর রাজস্ব খাতভুক্ত নিম্নোক্ত পদসমূহ পূরণের নিমিত্ত সরাসরি নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে নিম্নলিখিত শর্তে <https://bpatc.teletalk.com.bd> এ অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী)	বয়স	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	সহকারী পরিচালক (প্রশিক্ষণ) (গ্রেড-৯ম) ৪৪০০০-১০৫৯০০/-	অনূর্ধ্ব ৩২ বছর	০৩	কোনো স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হতে লোক-প্রশাসন/রাষ্ট্রবিজ্ঞান/অর্থনীতি/সমাজবিজ্ঞান/নির্দিষ্ট পদের সংশ্লিষ্ট সম্পর্কিত অন্য কোন সংশ্লিষ্ট সামাজিক বিজ্ঞান বিষয়ে প্রথম শ্রেণীর মাস্টার্স ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর অনার্সসহ দ্বিতীয় শ্রেণীর মাস্টার্স ডিগ্রী।
২.	সহকারী প্রোগ্রামার (গ্রেড-৯ম) ৪৪০০০-১০৫৯০০/-	অনূর্ধ্ব ৩২ বছর	০২	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিक्स ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অনূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি: (খ) কমিশন কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
৩.	পরিবহন তদারককারী (গ্রেড-১০ম) ৩২০০০-৭৭৩০০/-	অনূর্ধ্ব ৩২ বছর	০১	সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বৎসরের অভিজ্ঞতাসহ কোন সরকারী পলিটেকনিক ইনস্টিটিউট হতে অটো-মোবাইল প্রকৌশলে ডিপ্লোমা।
৪.	পরিসংখ্যান সহকারী (গ্রেড-১২) ২৪৩০০-৫৮৭০০/-	অনূর্ধ্ব ৩২ বছর	০১	অন্যতম বিষয় হিসাবে পরিসংখ্যান/গণিত সহ কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী এবং সেই সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ২ বৎসরের অভিজ্ঞতা।
৫.	সাঁটমুদ্রাক্ষরিক কাম- কম্পিউটার অপারেটর (গ্রেড-১৪) ২৩৫০০-৫৬৮০০/-	অনূর্ধ্ব ৩২ বছর	০২	ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। খ) সাঁটলিপি গতি: বাংলাঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ৪৫ শব্দ ইংরেজিঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ৭০ শব্দ গ) কম্পিউটার মুদ্রাক্ষর গতিঃ বাংলাঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ ইংরেজিঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ শব্দ
৬.	কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) ২১৯০০-৫২৯০০/-	অনূর্ধ্ব ৩২ বছর	০৫	ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। খ) কম্পিউটার মুদ্রাক্ষর গতিঃ (Nikosh BAN font এ) বাংলা - প্রতি মিনিটে সর্বনিম্ন - ২০ শব্দ ইংরেজি - প্রতি মিনিটে সর্বনিম্ন - ২০ শব্দ
৭.	অফিস সহকারী কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) ২১৯০০-৫২৯০০/-	অনূর্ধ্ব ৩২ বছর	০৬	ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। খ) কম্পিউটার মুদ্রাক্ষর গতিঃ (Nikosh BAN font এ) বাংলা - প্রতি মিনিটে সর্বনিম্ন - ২০ শব্দ ইংরেজি - প্রতি মিনিটে সর্বনিম্ন - ২০ শব্দ

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী)	বয়স	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
৮.	গাড়িচালক (গ্রেড-১৬) ২১৯০০-৫২৯০০/-	অনূর্ধ্ব ৩২ বছর	০১	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা এর সমমান পরীক্ষায় উত্তীর্ণ। ৩ বৎসরের অভিজ্ঞতাসহ অবশ্যই মোটরযান চালানোর বৈধ লাইসেন্স থাকতে হবে।
৯.	অফিস সহায়ক (গ্রেড-২০) ২০০০০-৪৮৪০০/-	অনূর্ধ্ব ৩২ বছর	১৮	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা এর সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী:

- ক। বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে প্রার্থীদের বয়সসীমা ১৮-৩২ বৎসর (এক্ষেত্রে সরকার কর্তৃক সর্বশেষ জারিকৃত পরিপত্র অনুসরণ করা হবে)।
- খ। ছকে বর্ণিত ক্রমিক ১ ও ২ এর প্রার্থীদের বাংলা ও ইংরেজী ভাষা, তথ্যপ্রযুক্তি, গবেষণা পদ্ধতি, উপস্থাপনা, যোগাযোগ ইত্যাদি বিষয়ে পারদর্শিতা থাকতে হবে। প্রার্থীকে লিখিত, মৌখিক এবং ব্যবহারিক (শ্রেণী/অধিবেশন) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। দেশি-বিদেশি জার্নালে পাবলিকেশন আছে এমন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
- গ। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র দাখিল করতে হবে।
- ঘ। প্রার্থী যে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা পৌরসভার মেয়র/কাউন্সিলর কিংবা সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে।
- ঙ। গাড়িচালক পদের ক্ষেত্রে প্রার্থীদের গাড়ির ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে এবং গাড়ি চালানায় দক্ষ হতে হবে। প্রার্থীদেরকে এ বিষয়ে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- চ। সরকারের জারিকৃত অন্যান্য কোটা দাবীর সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্র দাখিল করতে হবে।
- ছ। আবেদনকারী মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাজ্ঞানার সন্তান হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত প্রমাণকের মূলকপি মৌখিক পরীক্ষার সময়ে প্রদর্শন ও সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- জ। আবেদনকারী মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাজ্ঞানার সন্তান হলে সে মর্মে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত পিতা/মাতা মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাজ্ঞানার সনদের সত্যায়িত কপি এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সম্পর্ক সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- ঝ। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।
- ঞ। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ট। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময়সূচি এসএমএস এর মাধ্যমে জানানো হবে।
- ঠ। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি ও বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ড। বিজ্ঞপ্তি পত্রিকা ছাড়াও বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা-এর নিজস্ব ওয়েবসাইটে www.bpatc.gov.bd এবং <https://bpatc.teletalk.com.bd> অথবা রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল ওয়েবসাইটে প্রবেশ করে অথবা QR code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল <https://alljobs.teletalk.com.bd> ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে।
- ঢ। Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা alljobs.query@teletalk.com.bd অথবা diradmin@bpatc.gov.bd এই ই-মেইলে যোগাযোগ করা হবে।



অনলাইনে আবেদনের নিয়মাবলী:

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি <https://bpatc.teletalk.com.bd> এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৭/১০/২০২৬ খ্রি. বিকাল ০৪.০০টা।

Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৭/১১/২০২৬ খ্রি. বিকাল ৪.০০টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে সরকার কতৃক নির্ধারিত পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

এসএমএস প্রেরণের নমুনা নিম্নরূপ:

প্রথম SMS: BPATC<space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

দ্বিতীয় SMS: BPATC<space>Yes<space>PIN লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

খ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি <https://bpatc.teletalk.com.bd> ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

গ. প্রার্থী SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র Download পূর্বক রজিষ্ট্র প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশ পত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

ঘ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে:

BPATC<space>Help<space>User<space>User ID & Send to ১৬২২২.

(ii) PIN Number জানা থাকলে:

BPATC<space>Help<space>PIN<space>PIN No & Send to ১৬২২২.

ঘোষণা: প্রার্থীকে আবেদনপত্রে ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।



বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র,
সাভার, ঢাকা-এর ওয়েবসাইটে
প্রবেশ এর QR Code



বাংলাদেশ লোক-প্রশাসন
প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা-এর
টেলিটক পোর্টালের QR Code


(মোহাঃ রফিকুল ইসলাম)

পরিচালক (প্রশাসন)

বিপিএটিসি, সাভার, ঢাকা

টেলিফোনঃ ০২২২৪৪৪৫০২৩